

12

একেই বলে কপাল!

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকার একটি পুস্তকের ব্যাপকসংখ্যক কপি বিক্রির ব্যাপারে গুটপোস্কেসের ভূমিকায় নেমেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল এফেয়ার্স বিভাগ পার্বত্য চট্টগ্রামের ওপর লিখিত এই গ্রন্থের যথেষ্টসংখ্যক কপি কেনার ব্যবস্থা করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও স্বায়ত্তশাসিত সংস্থার কাছে অনুরোধ জানিয়েছে। নির্দেশ মোতাবেক এ অনুরোধ জানানো হয়েছে।

যিনি এই পুস্তকটি লিখেছেন, তিনি সরকার দলীয় একটি দৈনিক পত্রিকার রিপোর্টার। পুস্তকটি সরকারী প্রকাশনা হিসেবে স্বীকৃতি পায়নি। তা সত্ত্বেও প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্পেশাল এফেয়ার্স বিভাগের পরিচালক (সমন্বয়) সম্প্রতি আর্মি হেড কোয়ার্টার, বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও স্বায়ত্তশাসিত সংস্থার কাছে চিঠি দিয়েছেন। চিঠিতে তিনি মন্ত্রণালয়, বিভাগ ও তার অধীন সংস্থাসমূহে পুস্তকটির যথেষ্টসংখ্যক কপি কেনার ব্যবস্থা করার জন্য নির্দেশ মোতাবেক অনুরোধ জানিয়েছেন। প্রয়োজনে পুস্তকটির লেখকের সঙ্গে যোগাযোগ করার জন্য এই চিঠিতে তার পত্রিকার ঠিকানা ও টেলিফোন নম্বরও উল্লেখ করা হয়েছে।